সংসদে স্পিকারের প্রতি সম্মান প্রদর্শনের বিধিতে সংশোধন



স্পিকার হাফিজ উদ্দিন। ছবি: সংগৃহীত

জাতীয় সংসদে স্পিকারের প্রতি সম্মান প্রদর্শনের নিয়মে পরিবর্তন আনা হয়েছে বলে জানিয়েছেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ।

বৃহস্পতিবার (১৮ জুন) সংসদের বৈঠকের শুরুতে তিনি জানান, কার্যপ্রণালি বিধি অনুযায়ী আগে ব্যবহৃত 'ঝুঁকিয়া' শব্দটি সংশোধন করে বাদ দেওয়া হয়েছে। ফলে এখন থেকে সংসদ সদস্যরা নিজ নিজ ধর্মীয় রীতি অনুসরণ করে স্পিকারের চেয়ারের প্রতি সম্মান প্রদর্শন করতে পারবেন।

স্পিকার আরও বলেন, সংসদে প্রবেশ, আসন গ্রহণ বা ত্যাগের সময় সভাপতির প্রতি সম্মান জানানোর যে বিধান রয়েছে, তা কার্যকর থাকবে। তবে পদ্ধতিগত অংশে পরিবর্তন আনা হয়েছে।

তিনি উল্লেখ করেন, অষ্টম সংসদের সময় কার্যপ্রণালি বিধিতে সংশোধনের মাধ্যমে এই পরিবর্তন আনা হয় এবং তা সংসদীয় কমিটির সুপারিশের ভিত্তিতে গৃহীত হয়েছিল।

এর আগে গত ১৬ জুন এক সংসদ সদস্য পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে স্পিকারের প্রতি সম্মান প্রদর্শনের প্রথা নিয়ে ব্যাখ্যা ও সমাধানের অনুরোধ জানান। তার পরিপ্রেক্ষিতেই নতুন করে বিষয়টি স্পষ্ট করা হয় বলে জানা গেছে।